দৈনিক বাংলা

তারিখ ... 7।1।80 ... ...
পৃষ্ঠা ... ... ... কলাম ... ...

000175

# বরিশালে ১০টি খাল পুনর্খননের কাজ এগিয়ে চলেছে

(নিজস্ব সংবাদদাতা)

বরিশাল, ১৭ই জানুয়ারী।— সর্বস্তরের জনসাধারণের স্বেচ্ছাশ্রমে বরিশাল জেলার ৫টি মহকুমায় ১০টির খালের পুনখনন কাজ সন্তোষজনকভাবে এগিয়ে চলেছে। প্রায় ৮ হাজার মহিলা ও পুরুষ খাল কাটার কাজে অংশ নিচেছন।

বর্তমান গতিতে কাজ এগিয়ে চললে আসছে ৩০শে এপ্রিলের মধ্যে খালগুলি পুনর্খনন সমাপ্ত হবে বলে আশা করা হচেছ।

খালগুলি হচেছ ভোলা মহকুমার ১৪ হাজার ৮শ ফুট দীর্ঘ ও ২৮ ফুট প্রস্থ কালীকীর্তি খাল এবং ২১ হাজার ১শ ২০ ফুট দীর্ঘ ও ২৪ ফুট প্রস্থ তালুকদার হাট খাল। সদর উত্তর মহকুমার ১৫ হাজার ৮শ ৫০ ফুট দীর্ঘ ও ৩৩ ফুট প্রস্থ গরাঙ্গল চর-কুতুবপুর খাল এবং ১৩ হাজার ফুট দীর্ঘ ও ৩৯ ফুট প্রস্থ শিহিপাশা খাল। সদর দক্ষিণ মহকুমার ২৬ হাজার ফুট দীর্ঘ ও ২৩ ফুট প্রস্থ রানীর হাট কাটিয়া ভরানীর খাল, ১৪ হাজার ফুট দীর্ঘ ও ১৮ ফিট প্রস্থ পশুগ্রাম ও দামের হাট খাল এবং ১০ হাজার ১শ ফুট দীর্ঘ ও ২৬ ফুট প্রস্থ সাহেবের হাট খাল। পিরোজপুর মহকুমার ২৬ হাজার ৪শ ফুট দীর্ঘ ও ২৪ ফুট প্রস্থ নিবলাছিয়া খাল এবং ১০ হাজার ফুট দীর্ঘ ও ২০ ফুট প্রস্থ মসজিদ বাড়ি খাল এবং ঝালকাঠি মহকুমার ৩০ হাজার ৮শ ফুট দীর্ঘ ও ৮৬ ফুট প্রস্থ ক্লান-ধর্নাসিঁড়ি খাল।

খালগুলির পুনঃখনন কাজ সমাপ্ত হলে জেলার ২০ হাজার একর জমিতে সেচ ব্যবস্থা চালু সম্ভব হবে।